

পা



লেখকঃ গ্যাব্রিয়েল সুমন
 যোগাযোগঃ amaderbismoy@gmail.com
 পরিচিতিঃ কবি ও কথাশিল্পী গ্যাব্রিয়েল বেশ কিছু বছর ধরে বাংলাদেশী পত্রপত্রিকায় অণুকাব্য লিখছেন। তাঁর কবিতা কয়েকটি জাতীয় সংবাদপত্র ও পত্রিকায় মুদ্রিত হয়েছে।

পাখিরা সব মেতেছে

এই পাখি, সেই পাখি, যেই পাখি
 ভালবাসায় দুটি হাত প্রসারিত করলে উড়ে যায়
 দানা ছিটালে কাছে আসে,
 সমুখে তীর বাগিয়ে ধরলে আত্মসমর্পণ করে।

পাগল

পাগল ভাবিস আমায়; আমায় বলিস স্বপ্নবাজ
 স্বপ্ন দেখে দেখে, ঐকে ঐকে, চেখে-চেখে
 আমিই পুড়িয়েছি শ্বাপদসংকুল রোদ
 আমিই ভিজিয়েছি কাঙ্ক্ষিত বৃষ্টি, না পাওয়া জল।

পার্থিব

অমানিশা যত অধিক গাঢ় হতে গাঢ়তর;
 আলোর মর্যাদা তত প্রবল।
 তুইও চলতে থাক – আমিও বলতে থাকি
 একদিন আমিও হব জোনাক।

পাংশু

চৈত্রের ধ্রুপদী বাতাসে তোর – আমার এইসব দিন,
 একদিন পুরাতন খবরের কাগজ ছিঁড়ে বেড়িয়ে আসবে।

এই ঘূর্ণনে, নদী আমায় ভাঙ্গছে তোকে গড়ছে;
 একদিন সেও ফিরবে জাগতিক রথে, পথে, আবর্তে।
 তাই বাইকের উপর বসে চা খাওয়া
 আর ড্রাম বাজানো ছাড়া, জ্যাপির আর কোন কাজ নেই।